بسم الله الرحمن الرحيم

وَعَدَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّاَجْرٌ عَظِيْمٌ ۝

মহান আল্লাহর অঙ্গীকার রয়েছে যে, যারা ঈমানদার ও সৎকর্মশীল তাঁদের জন্য রয়েছে ক্ষমা ও মহা পুরস্কার। (সূরা মায়িদা-৯)

رياض النجاة

রিয়াদ্বুন্ নাজাত

বা

মুক্তি সাধনা

(দৈনন্দিন ওয়াজিফা)

প্রণেতা

আবদে রাছুল

মুফতী নাজিরুল আমিন রেজভী হানাফী ক্বাদেরী সুবহানী

খলিফায়ে সুবহানী, খানদানে আ'লা হযরত, ইউ.পি, ভারত

রেজভীয়া দরগাহ্ শরীফ, সতরশ্রী, নেত্রকোণা

চেয়ারম্যানঃ বাংলাদেশ রেজভীয়া তা'লিমুস্ সুন্নাহ্ বোর্ড ফাউন্ডেশন

(গভঃ রেজিঃ নং এস-১১২৮২/১১)

মুদিরে আ'লাঃ বাংলাদেশ রেজভীয়া উলামা পরিষদ ও

মাদ্‌রাসা-এ-ফায়জানে মাদীনা, নেত্রকোণা

রিয়াদুন্ নাজাত বা মুক্তি সাধনা (দৈনন্দিন ওয়াজিফা)

প্রণেতা ঃ মুফতী নাজিরুল আমিন রেজভী হানাফী ক্বাদেরী

সর্বস্বত্বঃ লেখক কর্তৃক সংরক্ষিত

প্রকাশক ঃ ধর্ম দরদী ঈমানদারগণের ইহ ও পরপারের কল্যাণে বাংলাদেশ রেজভীয়া উলামা পরিষদ-এর পক্ষ থেকে কিতাবখানা ছাপার আর্থিক যাবতীয় আঞ্জাম দিয়েছেন-

★ **জনাব মুহাম্মদ মোশাররফ হোসাইন রেজভী**
টংগী, গাজীপুর, মোবাইল ঃ ০১৭১৫-১৩৪৯৬০

★ **জনাব মুহাম্মদ জজ মিয়া রেজভী**
টংগী, গাজীপুর, মোবাইল ঃ ০১৭১৫৩৯১৬৪৬

মহান আল্লাহ উভয়কে দয়াল নবীজীর উসিলায় কবুল করুন। আমিন।

প্রকাশকালঃ ২৭ রমজান (লাইলাতুল ক্বদর), ১৪৩৪ হিজরী
২২ শ্রাবণ, ১৪২০ বাংলা
০৬ আগষ্ট, ২০১৩ইং

কম্পিউটার কম্পোজ, বর্ণবিন্যাস ও ডিজাইনঃ
রবিউল ইসলাম রেজভী ও
কবির হোসাইন রেজভী

মুদ্রণেঃ তোহ্ফা এন্টারপ্রাইজ, ১০২, ফকিরাপুল, আলিজা ভবন (৪র্থ তলা), মতিঝিল, ঢাকা-১০০০

হাদিয়াঃ ৫০.০০ টাকা

লেখক সম্পর্কে ক'টি কথা

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

الحمد للّٰه تعالٰی و الصلٰوة و السلام علٰی نبیه الاعلٰی

মহান আল্লাহর বাণীঃ اِنَّمَا یَخۡشَی اللّٰہَ مِنۡ عِبَادِہِ الۡعُلَمٰٓءُ অর্থাৎ একমাত্র আল্লাহকে তাঁরাই অধিক ভয় করে যারা (তাঁর সম্পর্কে) জানে (সূরা ফাতিরঃ ২৮)। আর তাঁরাই আল্লাহর অধিক নিকটবর্তী যারা আল্লাহকে অধিক ভয় করে (তাক্বওয়া অবলম্বন করে)। (সূরা হুজুরাতঃ ১৩)

প্রিয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেনঃ "কোন নবীই মিরাছ হিসেবে দিনার বা দিরহাম (টাকা-পয়সা বা ধন-দৌলত) রেখে যান না। বরং ইলম (জ্ঞান)ই হল তাঁদের মিরাছ। আর যারা আলিম (জ্ঞানী) তাঁরাই নবীগণের ওয়ারিছ।" (মিশকাত ও তিরমিযী)

উল্লেখিত কুরআন-সুন্নাহ'র বাণীগুলোর মর্মে বর্তমান বিশ্বে যে ক'জন মহান ব্যক্তিত্বকে রব্বে কায়েনাত হাদী হিসেবে ধরা পৃষ্ঠে প্রতিষ্ঠিত করেছেন তন্মধ্যে একটি নাম হলো- রওনকে আহ্লে সুন্নাত, ফক্বীহে মাযহাবে হানাফিয়্যাত, যীনতে ক্বাদেরিয়্যাত, তরজুমানে মসলকে

আ'লা হযরত, মাখদুমে মিল্লাত, হযরাতুল হাজ্জ আল্লামা মুফতী নাজিরুল আমিন রেজভী হানাফী ক্বাদেরী সুবহানী। যিনি একমাত্র রাজাধিরাজ স্রষ্টার ভয়ে প্রকম্পিত, রাসূলের নূরে আলোকিত, রেজভীয়তের ফুলে সুশোভিত। রবের ভয় তাঁর মাঝে এতটাই যে, তাঁকে দেখলেই অন্তরে রেখাপাত করে, স্রষ্টাকে স্মরণে আসে এবং যিনি একমাত্র সেই স্বত্ত্বার ভয়ে, সুন্নতে নববীর অনুসরণে স্বীয় পিতার বিত্ত-বৈভব এমনকি সর্বস্ব ত্যাগ করে মাওলারই পথের যাত্রী। সত্যই এমন দৃষ্টান্ত ইতিহাসে বিরল, যে ধর্মের জন্য এত কিছু বিসর্জন দিতে পেরেছেন, এমনকি পিতৃস্নেহও। যা আমাদেরকে মনে করিয়ে দেয় খোদ কুরআনে সমর্থিত রাসূলের সাহাবাগণের সোনালী যুগকে, তাঁদের মত সোনার মানুষগুলোকে। ইরশাদ হয়েছে- مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ وَ الَّذِيْنَ مَعَهٗ اَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ অর্থাৎ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল আর তাঁর সাথীবর্গ কাফেরদের উপর অত্যন্ত কঠোর। (সূরা ফাতহঃ ২৯)

এ মহান মনীষী তাপসী মায়ের কোল আলোকিত করে ধরা বুকে পদার্পন করলেন। স্বীয় গৃহে প্রাথমিক পড়াশুনা শেষ করে উচ্চ শিক্ষার নিমিত্তে পাড়ি জমান

রাজধানী ঢাকার বুকে। অত্যন্ত কৃতিত্বের সাথে ফতোয়া (ইসলামী আইন) বিভাগে কামিল অর্জন করেন।

এরই মধ্যে ত্বরীকত সাধনায় কিছুদিন যমানার বিশিষ্ট আরিফ, সাহেবে কাশ্‌ফ ও সির্‌র, হযরত সূফী জামাল উদ্দীন আহমাদ শাহ চিশতী (রাদ্বিয়াল্লাহু 'আনহু)-এর সান্নিধ্য অর্জনে কংকর ও ধুলিময় খড়তাপে খালী পায়ে কঠিন ব্রত পালন করেন।

অতঃপর পার্থিব অনেক সুযোগ-সুবিধাকে বর্জন করে ধর্মের খেদমতে নিজেকে নিয়োজিত করেন। বিভিন্ন সেমিনার-সিম্পোজিয়ামসহ বিভিন্ন প্রোগ্রামে অনলবর্ষী নূরানী তাকরীরের মাধ্যমে বিধর্মীদের অন্তরে ইসলামের জয়গান, মুসলিম নামধারী বাতিলদেরকে সুন্নীয়ত ও গাফেলদেরকে ত্বরীকতের অমীয় সুধায় পরিতৃপ্ত করে আসছেন। এক সময় যে ব্যক্তিটি ছিলেন নিজের পরিবার কর্তৃক প্রতিষ্ঠিত কথিত ধর্ম বিশ্বাসে বিশ্বাসী, তাঁর সাধনা ও সত্যের প্রতি অন্তরের আকর্ষণে, সর্বোপরি মহান রবের অশেষ কৃপায় টুপির একটি বিষয়কে কেন্দ্র করে সে ব্যক্তিটিই আজ সুন্নাতে নববী প্রতিষ্ঠায় উজারপ্রাণ আর সত্যের পরীক্ষায় সফলকাম। স্বীয় পরিবার কর্তৃক

প্রচারিত উদ্ভট কিছু ফতোয়ার বাস্তবিকতা দেখার পূর্বে তিনি তাদেরই সংগে অর্থাৎ কালো টুপিধারী রেজভীগণেরই সংগে ছিলেন এবং তাদের কতেক অমূলক ধর্ম বিশ্বাসগুলোতে বিনা পর্যালোচনাতেই বিশ্বাস করতেন এবং কালো টুপিই পরতেন। তাঁর পিতার জবান থেকে যখন নাইলন ও জালি টুপি নিষিদ্ধ ঘোষিত হয় এবং দেশের বিভিন্ন স্থান থেকে প্রোগ্রামে তিনি হতে থাকেন প্রশ্নের সম্মুখিন, তখনই রবের কৃপায় তাঁর অন্তরে নাড়া দেয় এবং টুপির বিধান সম্পর্কে দেখতে থাকেন বিভিন্ন কিতাবাদী। এর একটি কারণ এও যে, তাদের কর্তৃক অন্যান্য বিভ্রান্তিকর ফতোয়াগুলোর স্বপক্ষে কিছু উদ্ভটযুক্তি থাকলেও নাইলন ও জালি টুপি নিষিদ্ধ হওয়ার ব্যাপারে তাঁদের পক্ষ হতে কোন যুক্তিও তিনি পাননি।

অতঃপর অনেক গবেষণা পর্যালোচনা করে যখন দীর্ঘদিনের ব্যবহৃত কালো টুপির সাথে কিতাবের কোন সম্পর্ক খুঁজে পেলেন না, তখনই অন্যান্য বিষয়গুলোর ব্যাপারেও তিনি কিতাব দেখতে শুরু করেন এবং তাদের প্রদত্ত ফতোয়াগুলো এবং কিতাবাদীর বর্ণনার মিল না পেয়ে স্বীয় পিতাকে এবং পিতাসহ অন্যান্যদেরকেও সত্য

বিষয়টি অবগত করালে দীর্ঘদিনের অসত্য প্রচারণার বিষয় থেকে ফিরে আসতে না পেরে পর্যায়ক্রমে তিনির উপর চলতে থাকে অমানবিক অত্যাচার।

এমতাবস্থায় তিনি সত্যের উপর আমল করতে গিয়ে তাঁরই আপন বড় ভাই ছদরুল আমিন সাহেব ও তার সহচরদের দীর্ঘ স্বার্থ জড়িত প্ররোচনায় স্বীয় পিতা হতে বিভিন্ন স্থানে, জনসমুদ্রে ঘোষিত হয়েছেন ত্যাজ্য পুত্র বলে। কারণ সত্য প্রকাশের ফলে তারা দীর্ঘদিনের লালিত ত্রুটিপূর্ণ ও ধর্ম পরিপন্থী বিশ্বাস থেকে সরেও আসতে পারছে না, অপরদিকে তা গ্রহণও করতে পারছে না দীর্ঘ দিনের স্মৃতি নষ্ট হয়ে যাওয়া এবং ভুল কর্মগুলোর প্রকাশ হয়ে যাওয়ার ভয়ে। তাই তাদের পক্ষ হতে চলতে থাকে তাঁর উপর পর্যায়ক্রমে মিথ্যা মামলা, ভারাটে নামে মাত্র আলেম ও নির্ধারিত কতিপয় লোকের মাধ্যমে মিথ্যা রচনাসহ প্রত্যক্ষ-পরোক্ষ নির্যাতন এবং দখল করে রেজিষ্ট্রি করে নেয় পারিবারিক সম্পদ। তথাপি সত্যের পথ থেকে হটাতে পারেনি বিন্দু মাত্রও তাঁকে।

তাদের প্রচারিত ও প্রতিষ্ঠিত প্রত্যক্ষ-পরোক্ষ অনেক বিষয়ই রয়েছে। তন্মধ্যে কিছু বিষয় লিখিত এবং কিছু

বিষয় অলিখিতভাবে প্রচারিত, এগুলো থেকে নিম্নে সামান্য বিষয় উপস্থাপন করা হল, যেন সাধারণ জনগণ স্বীয় ঈমান ও আমল হিফাজত করতে পারে।

ইসলামী ধর্ম বিশ্বাস	**কালো টুপিধারী রেজভীগণের ধর্ম বিশ্বাস**
১) সাদা টুপি পড়া সুন্নাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।	১) সাদা টুপি নাজায়েয বরং কালো টুপি সুন্নাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।
২) খাসী কুরবানী সুন্নাতে রাসূল ও উত্তম।	২) খাসী কুরবানী করা হারাম।
৩) মাইক যোগে আযান দেয়া জায়িয।	৩) মাইক যোগে আযান দাতা মুশরিক ও তাঁর জানাযা হারাম।
৪) মসজিদের ভিতর যিকির ও মিলাদ পড়া জায়িয।	৪) মসজিদের ভিতর যিকির ও মিলাদ পড়া নাজায়িয।
৫) মসজিদে মিহরাব দেয়া জায়িয।	৫) মসজিদে মিহরাব দেয়া নাজায়িয।

৬) মসজিদে বৈদ্যুতিক ফ্যান ব্যবহার জায়িয।	৬) মসজিদে বৈদ্যুতিক ফ্যান ব্যবহার নাজায়িয।
৭) আত্মহত্যাকারীর জানাযা পড়া বৈধ।	৭) আত্মহত্যাকারীর জানাযা পড়া অবৈধ।
৮) ঈদের নামাজ ৬ তাকবীরে।	৮) ঈদের নামাজ ১২ তাকবীরে।
৯) গান বাজনা হারাম। বিশেষ ব্যক্তিদের জন্য বাদ্যযন্ত্র ছাড়া শুধু ইসলামী সঙ্গীত জায়িয।	৯) ইসলামী গান বাদ্যযন্ত্র সহ জায়িয। প্রভৃতি।

হ্যাঁ! তাঁর পিতা এক সময় সুন্নিয়তের খেদমত করেছেন বটে, কিন্তু তাঁর বার্ধক্যতার সময়ে তাঁরই ঔরসজাত সার্থান্বেষী মহল তিনির মাধ্যমে নতুন কিছু মতবাদ প্রচার করায় নিজ ঘর থেকে শুরু করে দেশের বিভিন্ন সমাজেও বিভক্তি তৈরী হয়েছে। অবশ্য এ সত্য প্রকাশের পর নিজেদের অস্তিত্ব ধরে রাখার জন্য কিছু কিছু বিষয় অস্বীকার করে চলছে এবং এড়িয়ে চলার চেষ্টা করছে। আলহামদুলিল্লাহ! আমরাও দু'আ করছি আল্লাহ যেন তাদের ভুলগুলো বুঝার তৌফিক দেন এবং পূর্ণাঙ্গরূপে নবীর ত্বরীকায় আসার সুযোগ দান করেন।

উল্লেখিত ঘটনা প্রবাহের জের ধরে তিনি পাড়ি জমান সুন্নীয়তের মারকাজ ভারতের বেরেলী শহরে দরগাহে আ'লা হযরত পানে। তাঁর সত্যের জন্য সংগ্রাম ও আধ্যাত্মিকতায় মুগ্ধ হয়ে তৎক্ষণাৎ দরগাহে আ'লা হযরতের বর্তমান সাজ্জাদানেশীন হুযুর কিবলা তাঁকে স্বীয় মুরীদের অন্তর্ভূক্ত করে নেন এবং মনোনীত করেন স্বীয় খলিফা হিসেবে। এখান থেকে তিনি আজমীর শরীফ, মারহারা শরীফসহ বিভিন্ন দরগাহে ভ্রমণ করেন। যা পর্যালোচনায় তাঁর আধ্যাত্মিক উৎকর্ষতা ও উচ্চ মর্যাদার কথাই প্রতিভাত হয়। এছাড়া আলে রাসূলের পক্ষ হতেও তিনি চার ত্বরীকার উপর ইজাযত প্রাপ্ত হন।

পরিশেষে, এ মহান মনীষী, আমার প্রাণ প্রিয় মুর্শিদ কিবলাকে যেন আল্লাহ দীর্ঘ হায়াতে তৈয়্যেবাহ দান করেন তাঁর দ্বীনী খেদমতে এবং আমাদের মত অসহায়দের সহায় হিসেবে। আমিন বিজাহি ত্ব-হা ওয়া ইয়া-সীন।

মুহাম্মদ আলমগীর হোসাইন রেজভী আন্-নাজিরী
প্রেমু, দেবিদ্বার, কুমিল্লা
সাংগঠনিক সম্পাদকঃ বাংলাদেশ রেজভীয়া উলামা পরিষদ।
ই-মেইলঃ alamgirnajiry@gmail.com

সূচীপত্র

বিষয় পৃষ্ঠা

☛ প্রস্তুতি কালাম.....১২
☛ নাজিরী নজর ২০
☛ পাঁচ ওয়াক্ত নামাজের ওয়াজিফা.....৩২
☛ তরীক্বায়ে ফাতিহা শরীফ.....৩৯
☛ গিয়ারভী শরীফের তারতীব.....৪৯
☛ ক্বাছীদায়ে গাউছিয়া শরীফ ৫৭
☛ সংক্ষিপ্ত মিলাদ ও ক্বিয়ামে তাজিমী.....৬৭
☛ বিশেষ উপদেশমালা ৭২
☛ আ'লা হযরত আহমাদ রেযা (রাদিয়াল্লাহু 'আনহু) -এর ফরমান, পীরের প্রতি মুরিদের ধ্যান ৭৩
☛ আমার পরম মুর্শিদ ক্বিবলার কলম হতে বিশ্লেষণধর্মী অমূল্য নছিহত ৭৪

بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

প্রস্তুতি কালাম

الحمد للّٰه رب العالمين - و الصلوة و السلام علٰى حبيبه الكريم - اما بعد فاعوذ باللّٰه من الشيطان الرجيم - بسم اللّٰه الرحمٰن الرحيم - وَنَفۡسٍ وَّ مَا سَوّٰهَا - فَاَلۡهَمَهَا فُجُوۡرَهَا وَ تَقۡوٰهَا - قَدۡ اَفۡلَحَ مَنۡ زَكّٰهَا وَ قَدۡ خَابَ مَنۡ دَسّٰهَا -

অর্থাৎ, শপথ আত্মার এবং যিনি তাকে অঙ্গাদীতে সাজিয়েছেন এবং তাকে পাপ ও পরহেজগারিতা অন্তরে জাগিয়ে দিয়েছেন। যে আত্মাকে পবিত্র করেছে, সে সফল হয়েছে। আর সে বিফল হয়েছে, যে নিজেকে পাপের মধ্যে বসিয়ে দিয়েছে। (সূরা শাম্‌স)

আল্লাহ পাক এ সূরার পূর্ব আয়াত সমূহে আসমান ও জমীনসহ বড় বড় নিদর্শনাবলীর কসম করতঃ নফস বা আত্মার কসম করেছেন। যথা- وَنَفۡسٍ وَّ مَا سَوّٰهَا অর্থাৎ নফসের কসম এবং সেই মহান সত্তার যিনি নফস (আত্মা)-কে অঙ্গ-প্রত্যঙ্গ দ্বারা সাজিয়েছেন।

আল্লাহ পাক এ আত্মার মাঝে দু'টি বিষয়কে স্থান দিয়েছেন। যথা-

১. ফুজুর বা পাপ কাজের মানসিকতা এবং পাপ করার শক্তি।

২. তাক্বওয়া বা নেক কাজের মানসিকতা এবং নেকী অর্জন করার শক্তি।

যেমন, বলেছেন- فَاَلۡهَمَهَا فُجُوۡرَهَا وَ تَقۡوٰهَا অর্থাৎ, তাকে পাপ ও পরহেজগারিতা অন্তরে জাগিয়ে দিয়েছেন। এখানে বান্দাহ্‌কে ক্ষমতা দেয়া হয়েছে যে, সে ইচ্ছা করলে গুনাহের দ্বারা পাপী ও দোযখী হতে পারে এবং ইচ্ছা করলে পাপের সংগে সংগ্রাম করে নেকের উপর কায়েম থেকে আল্লাহর ওলী ও জান্নাতী হতে পারে।

যেহেতু এ ধরা পরীক্ষালয় তাই বান্দাহ্‌কে ভাল-মন্দ দু'টিরই এখতিয়ার বা জ্ঞান ও ক্ষমতা দেয়া হয়েছে এবং এখতিয়ার অনুযায়ীই বেহেশত ও দোযখ নির্ধারিত হবে। তাকদীর তো আল্লাহর দয়া এবং রব তো স্বয়ং দয়ার অতুল সাগর এগুলোতে বিশ্বাস করেই ধর্মের দাবী পূরণ করতে

হবে। তবেই আল্লাহ চাহে তো মুত্তাকী হওয়া এবং সফলতা অর্জন করা সম্ভব।

হে সাধক! গুনাহের প্রথম অস্তিত্ব আপনি নিজেই, যেহেতু আপনি নবী নন। একমাত্র নবীগণই বেগুনাহ্। তাই আপনার অস্তিত্বকে গুনাহ থেকে বাঁচিয়ে রাখার যুদ্ধে লিপ্ত থাকুন।

আর আপনার অস্তিত্বের মধ্যে গুনাহ সংগঠিত হওয়ার প্রথম অঙ্গ হল- 'চোখ'। তাই মহান রাব্বুল আলামীন ইরশাদ করেনঃ

قُلْ لِّلْمُؤْمِنِيْنَ يَغُضُّوْا مِنْ اَبْصَارِهِمْ وَ يَحْفَظُوْا فُرُوْجَهُمْ

অর্থাৎ, হে প্রিয় নবী! আপনি ঈমানদার পুরুষগণকে বলে দিন, তাঁরা যেন তাঁদের দৃষ্টিকে (কিছুটা নিচে রাখে) সংযত করে এবং তাঁদের যৌনাঙ্গকে হিফাজত করে। (সূরা নূরঃ ৩০)

অর্থাৎ, মুহরিম নয় এমন নারীদের এবং অপ্রাপ্ত বয়স্ক সুঠাম ছেলেদের প্রতি যেন দৃষ্টি না দেয়।

অনুরূপ পরের আয়াতে ঈমানদার নারীদের উপরও উক্ত নির্দেশ দেয়া হয়েছে।

সুতরাং যে ব্যক্তি চোখের (কুদৃষ্টিমূলক) পাপ থেকে মুক্ত হতে পারল, সে যেন তার সমুদয় অস্তিত্বকে পাপ থেকে বিরত রাখল। কারণ দেখার কারণেই তো অন্তরে গুনাহের পরিকল্পনা তৈরী হয়ে থাকে।

❖ দয়াময় আল্লাহ ইরশাদ করেনঃ

يَعْلَمُ خَائِنَةَ الْاَعْيُنِ وَ مَا تُخْفِ الصُّدُوْرِ

অর্থাৎ, মহান আল্লাহ জানেন চোখের অপব্যবহার এবং অন্তরের মধ্যে যা গোপন আছে। (সূরা মুমিন তথা গাফিরঃ ১৯)

এ আয়াতে কারিমার মাধ্যমেও কুদৃষ্টি তথা পরনারীকে অবৈধভাবে দেখা ও নিষিদ্ধ বিষয়ের প্রতি দৃষ্টি দিতে বারণ করা হয়েছে। কারণ দৃষ্টি দ্বারা অন্তরে যা উদয় হয়, সে সমস্ত গোপন বিষয়াদি আল্লাহর নিকট গোপন নয়।

❖ এ মর্মে হুযুর কারীম রাউফুর রাহীম ইরশাদ করেনঃ

لعن الله الناظر و المنظور اليه - رواه البيهقى فى شعب الايمان

অর্থাৎ, মহান আল্লাহ কুদৃষ্টিকারী এবং কুদৃষ্টি যার উপর পতিত হয়, উভয়ের উপর লা'নত করেছেন। (মিশকাত শরীফ, কিতাবুন নিকাহ)

ফরমানে নবী দ্বারা প্রমাণ হল যে, যে ব্যক্তি কু-দৃষ্টি করে তার উপর আল্লাহর লা'নত বা অভিশাপ। আর যে নিজের সৌন্দর্য্য দেখানোর জন্য প্রকাশ করে এবং কু-দৃষ্টির মুখোমুখি হয় তার উপরও আল্লাহর লা'নত।

লক্ষণীয় যে, শরীয়তের নির্দিষ্ট নিয়মের বাহিরে নারী ও অপ্রাপ্ত বয়স্ক সুঠামছেলেদের উপর নজর দেয়া এতটা মারাত্মক যে, স্বয়ং হুজুরপাক রাহমাতুল্লিল আলামীন হয়েও বদদু'আ করেছেন। আর লা'নত এর অর্থ হল আল্লাহর রহমত হতে বঞ্চিত হওয়া।

হে মুসাফির! আপনি যেখানেই সফর করবেন এবং চোখ ফেলবেন, সে প্রত্যেকটি বস্তুই আপনার পরীক্ষার উপকরণ মাত্র। দেখুন মহান রাব্বুল আলামীন ইরশাদ করেন ঃ

اِنَّا جَعَلْنَا مَا عَلَى الْاَرْضِ زِيْنَةً لَّهَا لِنَبْلُوَهُمْ اَيُّهُمْ اَحْسَنُ عَمَلاً

অর্থাৎ, পৃথিবীর উপর যা কিছু আছে আমি সেগুলোকে ওর (পৃথিবীর) শোভা করেছি। মানুষকে এমর্মে পরীক্ষা করার জন্য যে, তাদের মধ্যে কে বেশি সৎকর্ম করে। (সূরা কাহাফঃ ৭)

মহান রব আরো ইরশাদ করেন ঃ

وَمَا الْحَيٰوةُ الدُّنْيَا اِلَّا مَتَاعُ الْغُرُوْرِ۔ لَتُبْلَوُنَّ فِىْ اَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ

অর্থাৎ , পার্থিব জীবনতো ধোঁকা ছাড়া আর কিছুই নয়। অবশ্যই তোমাদেরকে তোমাদের ধন সম্পদ ও জীবন সম্বন্ধে পরীক্ষা করা হবে। (সূরা আলে-ইমরান ঃ ১৮৫, ১৮৬)

অনুরূপ প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন- "নিশ্চয় দুনিয়া হচ্ছে মিষ্ট সবুজ রং বিশিষ্ট (যা লোভনীয় ও দর্শনীয়)। মহান আল্লাহ তাতে তোমাদেরকে প্রতিনিধি বানিয়ে দেখতে চান তোমরা কি আমল কর। সুতরাং তোমরা দুনিয়া ও নারী হতে বেঁচে থাকো। কারণ বনী ইস্রাইলের সর্বপ্রথম ফিতনা ছিল নারীদের ফিতনা।" (মুসলিম শরীফ)

এ দুনিয়া ও দুনিয়ার মায়াপূর্ণ সৃষ্টি আখিরাতের তুলনায় কতটুকু গুরুত্বপূর্ণ ও মূল্যবান তা প্রিয় নবীজীর বাণী দিয়ে অনুভব করা যায়।

প্রিয় নবীজী ইরশাদ করেন- "এই পৃথিবী যদি আল্লাহর নিকট একটি মাছির ডানার মতও মূল্যবান হত, তাহলে তিনি এ (পৃথিবী) থেকে কোন অবিশ্বাসীকে এক কোষ পানিও পান করতে দিতেন না।" (তিরমিযী)

হে সাধক! গুনাহের দ্বারা হারাম বা নিষিদ্ধ স্বাদ ও শান্তি লাভ করার চেয়ে গুনাহ্ ছেড়ে দেয়ার ফলে গুনাহের জন্য যে অস্থিরতা ও যন্ত্রণা হয়, তা উত্তম এবং চিরস্থায়ী শান্তি বা আনন্দ লাভের মাধ্যম। কেননা নফসের চাহিদায় নিষিদ্ধ কর্মগুলোর কারণে আল্লাহর লা'নত বর্ষিত হতে থাকে। আর নিষিদ্ধ কর্মগুলো ছেড়ে দেয়ার অস্থিরতা ও যন্ত্রণার কারণে আল্লাহর রহমত বর্ষিত হতে থাকে।

পবিত্র কুরআনে ইরশাদ হয়েছেঃ

سَيَجْعَلُ لَهُمُ الرَّحْمٰنُ وُدًّا

অর্থাৎ, যে গুনাহ্ ছেড়ে রবের হয়ে যায়, রব স্বয়ং তাঁকে আপন বন্ধু করে নেন। (সূরা মারইয়ামঃ ৯৬)

হে মুসাফির! জাগতিক ওয়াস্ওয়াসা থেকে মুক্তি এবং আল্লাহর প্রেমাশক্তি অর্জন ও বেলায়তের বিভিন্ন মাকামে পরিভ্রমণ করার সৌভাগ্য লাভ করতে সর্বদা শরীয়তের বিধানাবলী পালনের পাশাপাশি সাধ্যমত পাস-আনফাসের জিকিরে মগ্ন থাকুন। আর তা এভাবে যে, "শ্বাস ত্যাগ করার সময় لَا اِلٰهَ (লাইলাহা) বলবেন, যেন লাইলাহা-এর সাথে আল্লাহ ছাড়া সকল বস্তুর মহাব্বত ক্বালব থেকে বের হয়ে যায় এবং শ্বাস গ্রহণ করার সময় اِلَّا اللّٰه (ইল্লাল্লাহ) বলবেন, যেন ক্বালবে আল্লাহর মহাব্বত প্রবেশ করে এবং তা স্থায়ী হয়ে যায়।

অর্থাৎ, শ্বাস ত্যাগ করার সময় এই ধ্যান করবেন যে, لَا اِلٰهَ এর لَ টি নাভী থেকে টেনে اِلٰهَ (ইলাহ) এর ه (হা) মাথার তালু পর্যন্ত পৌঁছেছে এবং শ্বাস গ্রহণ করার সময় এই ধ্যান করবেন যে, اِلَّا اللّٰه (ইল্লাল্লাহ) টি মাথার তালু হতে নাভী

পর্যন্ত পৌঁছেছে। এতটা ধ্যান করতে না পারলে শুধু অর্থের দিকে ধ্যান করে শ্বাস ত্যাগ করার সময় لَا اِلٰهَ এবং শ্বাস গ্রহণ করার সময় اِلَّا اللّٰهُ বলবেন। আর অর্থ হল لَا اِلٰهَ (নেই কোন মা'বুদ বা উপাস্য) اِلَّا اللّٰهُ (আল্লাহ ছাড়া)। আর এতটুকুও ধ্যান করতে না পারলে শুধু শ্বাস ত্যাগ করার সময় لَا اِلٰهَ বলবেন এবং শ্বাস গ্রহণ করার সময় اِلَّا اللّٰهُ বলবেন। এই জিকির সম্মিলিতভাবে অথবা এককভাবে উঠতে, বসতে, চলাচলে, কাজ-কর্মে, শয়নে, পাকে-নাপাকে, স্বরবে-নিরবে সর্বাবস্থায় জারী থাকবে।

نذیری نظر (নাজিরী নজর)

(নবী আদর্শে পিতৃ মতাদর্শ ত্যাগীর নছিহত)

১. দয়াময় আল্লাহ্ ও তাঁর প্রিয় নবীকে সর্বগুণে গ্রহণ করত: তাঁর বাণীসমুহের উপর পূর্ণ বিশ্বাস ও আমলই খাঁটি মুমিন ও মুসলিম হওয়ার মাধ্যম।

২. পাঁচ ওয়াক্ত নামাজ, নির্ধারিত রোজা যথা সময়ে আল্লাহর উদ্দেশ্যে ক্বায়েম করুন।

সাবধান! বেনামাজির মুখে মৃত্যুর সময় কালিমা নসীব হয় না।

৩. সাধ্য হলে হজ্ব, যাকাত আদায় করুন। অনাদায়ে যন্ত্রণাময়ী শাস্তির কবলে পড়তে হয়।

৪. দয়াল নবীজির সুন্নাতসমূহ পালন করুন। যথাসাধ্য মুস্তাহাবগুলো পালনের চেষ্টা করুন এবং সকল প্রকার নিষিদ্ধ বিষয় ও সন্দেহপূর্ণ বিষয় থেকে দুরে থাকুন।

৫. নির্দিষ্ট ইবাদতের অবসরে হালাল জীবিকা অর্জনের পাশাপাশি জিকিরে মগ্ন থাকুন এবং শয়নকালে অযু করতঃ কমপক্ষে ১ বার দরুদ শরীফসহ কালিমা শরীফ অর্থাৎ, "লা-ইলা-হা ইল্লাল্লা-হু মুহাম্মাদুর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম" পড়ে নিন। ধ্যানে রাখবেন আপনার সকল অবস্থা মহান রবের হিসাবের আওতায়।

৬. প্রতিদিন সামান্য হলেও কুরআন তিলাওয়াত করুন, যেন খতম হয়। তা আপনাকে

ইহপারে সচেতনতা দান এবং পরপারে বিভিন্নভাবে সাহায্য করবেই।

৭. আপনার ত্বরীকাভুক্ত ভাইদেরকে নিয়ে প্রতিবেশীগণকে আহবান করে প্রত্যেক আরবী মাসের ১১ ও ১২ তারিখের গিয়ারভী শরীফ অথবা বারভী শরীফ অবশ্যই পালন করবেন এবং সম্ভব হলে প্রত্যেক সপ্তাহে বৃহস্পতিবার দিবাগত রাতে হালকায়ে জিকিরসহ মিলাদ ও দু'আর ব্যবস্থা করবেন।

৮. বৎসরে ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, শবে ক্বদর, শবে মি'রাজ, শবে বরাত, ঈদুল ফিত্‌র, ঈদুল আদ্বহা ও ধর্মীয় গুরুত্বপূর্ণ দিনগুলো এবং আশুরার গুরুত্বপূর্ণ দিন, যাদের স্মরণে রেজভীয়া দরগাহে **"ওরছে আজীম"** হয়ে থাকে এগুলো পালন করুন। এতে আপনার উভয় জাহান নেয়ামতপূর্ণ হবে।

৯. প্রিয় নবীকে মাতা-পিতা, সন্তান-সন্ততিসহ আপন জীবনের চেয়েও বেশী ভালবেসে

চলুন। নবীর রংগে রঙ্গীন হওয়ায়ই চিরমুক্তির একমাত্র ব্যবস্থা।

১০. মহান আল্লাহর বিধান পালন ও প্রতিষ্ঠায় অবিরাম চেষ্টা করুন যদিও তা মাতা-পিতা ও নিজ সন্তানের বিরুদ্ধে যায়। যেমনটি ছিল হযরত আবু উবায়দা ইবনে জার্‌রাহ (রাদ্বিয়াল্লাহু আনহু) সহ হুযুর পাক (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর সাহাবাগণের মাঝে।

১১. আল্লাহ ও রাসূলের অবাধ্য হবে এমন কাজ ব্যতীত সকল বিষয়ে মাতা-পিতার বাধ্য হওয়া ফরজ। যে বাধ্যতা ও খেদমতের উজ্জ্বল দৃষ্টান্ত ছিলেন হযরত বায়েজীদ বোস্তামী (রাদ্বিয়াল্লাহু আনহু)।

১২. আপনি ও আপনার পরিবার ধর্মীয় নীতিতে অটল থাকুন এবং সাথে আপনার সমাজকেও উদ্বুদ্ধ করুন এবং আত্মীয়তা স্থাপন করুন তাঁদের সাথে, যারা ধার্মিকতায় অবিচল।

১৩. আপনি আপনার পরিবারের সকলকে

এবং সাধ্যমত অন্যান্যদেরকেও ধর্ম শিক্ষায় উৎসাহিত করুন। এ ফিতনার যুগে বাতিলপন্থিদের ধর্মীয় আবরণযুক্ত কৌশলসমূহ ধর্মীয় জ্ঞান অর্জন ব্যতীত বুঝা মুশকিল, তাই আপনার সন্তানকে সুন্নী মাদ্‌রাসায় পড়তে দিন।

১৪. সাবধান! যাদের মধ্যে নবীভক্তি নেই এবং আল্লাহ্-রাসূলকে সর্বগুণে মানতে অস্বীকৃতি জানায়, তাদের সাথে কোন রকম সম্পর্ক রাখবেন না। আর আপনার কোন মুসলিম ভাইয়ের দুঃখ, কষ্ট ও সংকট নিরসনে এগিয়ে আসুন। মহান আল্লাহ আপনার দুঃখ কষ্ট ও সংকট নিরসনে সাহায্য করবেন।

১৫. আপনার পীর ভাই বা ত্বরীকতসূত্রে আবদ্ধ যারা, তাঁরা আপনার আপনজন এবং একই পথের যাত্রী। বর্ণ-গোত্র না দেখে আন্তরিকতা সৃষ্টি করুন। রবের তুষ্টির উদ্দেশ্যেই সৃষ্টির প্রতি ভালবাসা ও দয়া প্রদর্শন করুন। আর নিজেকে সৃষ্টির নিকৃষ্ট জানবেন। যদি আপন

হাল অনুপাতে নিজেকে শ্রেষ্ঠ মনে করেন তাহলে আপনি প্রকৃত মুত্তাকী নন।

১৬. ফরজ, ওয়াজিব ও সুন্নাতের তাবেদারী এবং নারী ও পুরুষের পৃথক পৃথক পর্দা পালনে আন্তরিক যত্নবান হউন। আপনার প্রতিটি পদক্ষেপ ও মূহুর্ত দয়াল নবীজির ত্বরিকায় রাখুন।

১৭. পর্দা বজায় রাখুন এবং গান-বাজনা হতে দুরে থাকুন, খবরদার বেপর্দা ও গান-বাজনা অন্তর মুর্দা করে দেয় এবং ধার্মীকতায় অনিহা সৃষ্টি হয়ে যায়।

১৮. মিথ্যা, গীবত, কুপ্রবৃত্তির চর্চা ও নেশায় মনুষ্যত্ব হারিয়ে যায় এবং দুনিয়াতে ও কবরে আজাবের কারণ হয়ে দাঁড়ায়।

১৯. দৃষ্টি ও গোপ্তাঙ্গ জোর প্রচেষ্টায় নিয়ন্ত্রণ করুন, এ দু'টি যত বেশী সংরক্ষিত হবে, ততবেশী সাধনার পথ অতিক্রম করা সহজ হবে।

২০. সর্বদায় ওযু অবস্থায় থাকতে চেষ্টা করুন। সাবধান!

লাওয়াতাত্ (সমকামিতা) ও জিনার (ব্যভিচার) অভ্যাসে মৃত্যুর সময় ধর্মহারা করে দেয়।

২১. সুদ, ঘুষ, খিয়ানত এবং আর্থিক দুর্নীতিতে বাহ্যিক উন্নতি পরিলক্ষিত হলেও এর ফলাফল বিপদ আর দারিদ্রতা।

২২. দৃশ্য-অদৃশ্য সকল প্রকার পাপ হতে পবিত্রতা লাভ করতঃ পানি বা মাটি দিয়ে পূর্ণ পবিত্রতা লাভ করুন, তবেই ইবাদতের প্রকৃত সাধ ও নিয়মিত সাধনা লাভ হবে।

২৩. নবীর ত্বরীকা তথা শরীয়তের প্রত্যেকটি হুকুম আপনার ইহ ও পরকালের মুক্তি ও উচ্চ মর্যাদা লাভের মাধ্যম।

২৪. সাবধান! মৃত্যুর পূর্বে সকল প্রকার ঋণ হতে, পাপ ও আমলের কাযা হতে মুক্ত হওয়ার চেষ্টা করুন। আর ৭০,০০০ বার করে কালিমা শরীফের খতম করুন। তা আপনার ও আপনার আপনজনের নিদানের সঙ্গী। ৩০০ বার করে সূরা ইখলাছ খতম করুন, তা আপনাকে ৫০ বৎসরের গুনাহ্ থেকে পবিত্রতা

দান করবে এবং সাধনার পথে সহায়ক হবে।

২৫. আপনার আদর্শ ও চরিত্র যেন অন্যকে মহান আল্লাহ ও মৃত্যুর কথা স্মরণ করিয়ে দেয়।

২৬. এ ফিতনার যুগে সর্ব প্রকার পাপ থেকে মুক্ত অবস্থায় যথা নিয়মে ধর্মীয় হুকুম সমূহ পালন করাই শ্রেষ্ঠ কারামত। আমার সহচরবৃন্দ ও আমার পরবর্তী প্রজন্মের নিকট আরজ- **"দরগাহ্ শরীফে যেন ইলমের চর্চা থাকে এবং সম্মানের সাথে আলেমগণের খেদমত করা হয়, কারণ আমি গোটা জগতের সুন্নী আলিম ও সুন্নী জনতার খাদেম।"**

২৭. শুধু মহান রবের উদ্দেশ্যেই কুরআন-সুন্নাহ'র আলোকে সজ্জিত পীরের মাধ্যমে বায়াতে রাসূল গ্রহণ করে সাধনার পথ সহজ করুন। ক্ষণস্থায়ী উদ্দেশ্য নিয়ে শুধু পীরের সাক্ষাৎ লাভ হয় কিন্তু রবের কুরবত (নিকটবর্তী হওয়া) থেকে দূরে সরে যায়। নবী যুগ হতে এ নীতি এখনো এ জন্যে চলছে যে, সাধক যেন সাবধানে সঠিক পথ পাড়ি দেয়।

২৮. হে সাধক! আপনি বার বার তওবা করেও ভঙ্গ করেছেন! নৈরাশ হবেন না, আবার তওবা করুন। আশা আর চেষ্টার লাগাম ছেড়ে দিবেন না, আর শুকরিয়া আদায় করুন যে, মহান রব আপনাকে তওবা করার সুযোগ দিচ্ছেন।

২৯. সাবধান! তাকদীরের উপর সর্বদাই সন্তুষ্ট থাকবেন। আপনার ভাল-মন্দ প্রত্যেকটা হালকে নিয়ামত জানবেন। আপনার জন্য সাধনা করা কঠিন হয়ে গেছে বুঝি! তবুও চেষ্টা করুন, কষ্ট করুন, প্রার্থনা করুন। মনে রাখবেন, মালিকের বিধান বড়ই হেকমতপূর্ণ। যিনি তাকদীরের মালিক তিনি আপনারও মালিক। যার অধীনে তাকদীর তার অধীনে আপনিও।

৩০. হে মুসাফির! মানুষের মারাত্মক বিপদ আর কঠিনতর দুশমন হলো তার নফস। নফসে আম্মারার অনিষ্টের কারণে মানুষ গোমরাহী ও ক্ষতিগ্রস্থতার মধ্যে নিমজ্জিত হয়। ফলে ঈমানের আলো থেকে বঞ্চিত হয় এবং

আল্লাহর সান্নিধ্য লাভ থেকে দূরে সরে যায়। কারণ খায়েসাতে নফসানী বা কুপ্রবৃত্তি মানুষের দিলের শত্রু এবং ধর্মেরও শত্রু। এ নফস সর্বদায় আপন উদ্দেশ্য বাস্তবায়নে ব্যস্ত থাকে। তাই ধার্মিকের যথাযথ ধর্ম পালনে বাঁধা হয়ে দাঁড়ায় এবং কঠিনতর করে তুলে ধর্মীয় কর্মসমূহ। আর পাপাচার তথা শরীয়ত নিষিদ্ধ বিষয়সমূহ সহজ করে তুলে। তাই মানুষের জন্য কুফরীর ফিতনার চেয়েও নফসের ফিতনা মারাত্মক ভয়ঙ্কর।

মানব সৃষ্টির শুরু হতে এ পর্যন্ত যত ফিতনা-ফাসাদ ও ধ্বংসযজ্ঞ, নাফরমানী আর বিপদ মসিবত সবই এ নফসের কারণেই। কিয়ামত পর্যন্ত এ সমস্ত ঘটনা নফসের জন্যেই সংঘটিত হবে।

হে পথিক! যেহেতু চরম শত্রু নিজ বগলেই বাস করে, তাই প্রত্যেকটি জ্ঞানী ব্যক্তির জন্যই ফরয তাকে সুকৌশলে পরাস্ত করা এবং তার হাত থেকে মুক্তির চেষ্টায় রত থাকা। আর তা এ মধ্যম পন্থায় যে–

❑ নফসকে তার চাহিদা মত ভোগ-সম্ভার থেকে বিরত রাখুন। অর্থাৎ খাদ্য ও নিদ্রার পরিমাণ এতটুকু দিন যতটুকুতে নফসের উত্তেজনা শক্তি নিস্তেজ বা দমন হয়ে যায়। তবে নফসকে ধ্বংস করা যাবে না। কারণ তা সংশোধন করাই সাধকের উদ্দেশ্য। **সৃষ্টিতে শিখুন!** চতুষ্পদ জন্তু যখন ঘাস-পানি থেকে বঞ্চিত থাকে, তখন দুর্বল হয়ে যায় এবং পশুত্ব-উত্তেজনাও বন্ধ হয়ে যায়।

❑ অতঃপর নফসের উপর শরীয়তের বিধানসমূহ যথাযথ ও মহাব্বতের সাথে বাস্তবায়ন ঘটান, তবেই তা দুর্বল হয়ে যাবে। **দেখুন!** বোঝাইকৃত ঘোড়া বোঝা নিয়ে উত্তেজনাময় দুষ্টামি করার সুযোগ থাকে না। বরং বোঝা নিয়ে গন্তব্যস্থলে পৌঁছার জন্যে ব্যস্ত থাকে।

❑ তারপর মহান রবের দয়া প্রার্থনা করুন। মনে রাখবেন প্রত্যক্ষ ও পরোক্ষ সকল সাধনার পূর্ণতা মাওলার দয়ার উপর নির্ভরশীল। **শুনুন!** মহান আল্লাহ ও রাসূলের পরেই গর্ভধারিনী মা-ই হলেন দয়ার নিদর্শন। আর সেই মা-ই কখনো

কখনো সন্তানের কান্নাকাটির ফলে সন্তানের প্রয়োজন পূরণ করে থাকেন।

৩১. সেই তো অচেতন মানুষ যে মৃত্যুর সময় অজ্ঞাত হয়েও প্রস্তুতি নিচ্ছে না।

৩২. আপনার মৃত্যুর পূর্বেই জরুরী ওছীয়তসমূহ করে নিন এবং শরীয়তের জরুরী কর্মগুলোসহ তালকীন, জিকির, কালিমা শরীফের খতম ও ছাওয়াব রেছানী, কুরআন তিলাওয়াত, আহাদনামা দান ও দাফনের উপযুক্ত স্থান নির্ধারণ প্রভৃতি যেন নেককার সুন্নী আলেমে দ্বীনের মাধ্যমে সম্পন্ন করা হয়।

৩৩. আমার নিকটবর্তী ও দূরবর্তী আপন জনের নিকট আরজ আমার মৃত্যুর পর সাধ্যমত দান-সদকা করুন এবং বেশী বেশী কালিমা শরীফ খতম ও কুরআন শরীফ খতম করার আশা রাখছি এবং আমার লেখিত 'পারের তরী' ও 'রেজভী তাহক্বীকাত' পুস্তক দু'টির ওছীয়তসমূহ বাস্তবায়নের আশা করছি। এতে আমল প্রত্যাশী ও আমলকারী উভয়েই মাওলার দয়ায় উপকৃত হবেন।

পাঁচ ওয়াক্ত নামাজের ওয়াজিফা

বর্ণিত ওয়াজিফাসমূহ প্রত্যেক ওয়াক্তের নামাজের পর মনোযোগ ও মহাব্বতের সাথে পড়বেন।

১। (ক) আয়াতুল কুরসী ১ বার। এ আমলের বরকতে মৃত্যুর পর পরই জান্নাতী হবেন। (মিশকাত)

আয়াতুল কুরসী	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লাহির রাহমানির রাহীম	১ বার

اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْحَیُّ الْقَیُّوْمُ - لَا تَاْخُذُهٗ سِنَةٌ وَّلَا نَوْمٌ لَهٗ مَا فِی السَّمٰوٰتِ وَمَا فِی الْاَرْضِ ؕ مَنْ ذَا الَّذِیْ یَشْفَعُ عِنْدَهٗۤ اِلَّا بِاِذْنِهٖ ؕ یَعْلَمُ مَا بَیْنَ اَیْدِیْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا یُحِیْطُوْنَ بِشَیْءٍ مِّنْ عِلْمِهٖۤ اِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ كُرْسِیُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ وَلَا یَئُوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِیُّ الْعَظِیْمُ

উচ্চারণঃ আল্লাহু লা-ইলাহা ইল্লা হুওয়াল্ হায়্যুল ক্বাইয়্যম। লা- তা'খুজুহূ সিনাতুও ওয়া লা- নাউম। লাহূ মা- ফিস্সামা-ওয়া-তি ওয়া মা-ফিল আরদ্বি মান্যাল্লাযী ইয়াশ্ফা'উ 'ইনদাহূ ইল্লা বিইযনিহী ইয়া'লামু মা- বাইনা আইদীহিম ওয়া মা- খাল্ফাহুম্ ওয়া লা- ইউহীতূনা বিশাইয়িম্ মিন্ 'ইল্মিহী ইল্লা-

বিমা-শা-আ ওয়াসি'য়া কুরসিয়্যুহুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা ওয়া লা- ইয়াঊদুহূ হিফ্জুহুমা ওয়া হুয়াল আলিয়্যুল আজীম।

(খ) 'আহাদ নামা শরীফ ১ বার। এ আমলের বরকতে ক্বিয়ামতের ময়দানে রবের পক্ষ হতে অদৃশ্য আহবানকারী আমলকারীকে সন্ধান করবে এবং জান্নাতে পৌঁছে দিবে। (রূহুল বয়ান)

'আহাদ নামা শরীফ	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লাহির রাহমানির রাহীম	১ বার

اَللّٰهُمَّ فَاطِرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ هُوَالرَّحْمٰنُ الرَّحِيْمُ ط اَللّٰهُمَّ اِنِّیْ اَعْهَدُ اِلَيْكَ فِیْ هٰذِهِ الْحَيَاةِ الدُّنْيَا اَشْهَدُ اَنْ لَّااِلٰهَ اِلَّا اَنْتَ وَحْدَكَ لَا شَرِيْكَ لَكَ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُكَ وَ رَسُوْلُكَ فَلَا تَكِلْنِیْ اِلٰی نَفْسِیْ فَاِنَّكَ اِنْ تَكِلْنِیْ اِلٰی نَفْسِیْ

تُقَرِّبُنِیْ مِنَ الشَّرِّ وَتُبَاعِدُنِیْ مِنَ الْخَیْرِ
وَاِنِّیْ لَااَتَّكِلُ اِلَّا بِرَحْمَتِكَ فَاجْعَلْ لِّیْ
عِنْدَكَ عَهْدًا تُوَفِّیْهِ اِلٰی یَوْمِ الْقِیَامَةِ اِنَّكَ
لَاتُخْلِفُ الْمِیْعَادَ ط وَصَلَّی اللّٰهُ تَعَالٰی
عَلٰی خَیْرِ خَلْقِهٖ مُحَمَّدٍ وَّاٰلِهٖ وَاَصْحَابِهٖ
اَجْمَعِیْنَ بِرَحْمَتِكَ یَا اَرْحَمَ الرَّاحِمِیْنَ ط

উচ্চারণঃ আল্লাহুম্মা ফাতিরাস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বি ‘আ-লিমাল্ গায়বি ওয়াশ্-শাহা-দাতি হুওয়ার্ রাহ্মানুর রাহীম। আল্লাহুম্মা ইন্নী আ’হাদু ইলাইকা ফী হা-যিহিল হায়া-তিদ্ দুন্য়া আশ্হাদু আল্ লা-ইলা-হা ইল্লা আন্তা ওয়াহ্দাকা লা শারীকা লাকা ওয়া আশ্হাদু আন্না মুহাম্মাদান্ ‘আব্দুকা ওয়া রাসূলুকা ফালা তাকিল্নী ইলা নাফ্সী ফাইন্নাকা ইন্ তাকিল্নী ইলা নাফ্সী তুক্বার্রিব্নী মিনাশ্ শার্রি ওয়া তুবা‘য়িদনী

মিনাল খাইরি ওয়া ইন্নী লা আত্তাকিলু ইল্লা বিরাহ্মাতিকা ফাজ্‘আল্ লী ‘ইন্দাকা ‘আহ্দান্ তুওয়াফ্ফীহি ইলা ইয়াওমিল ক্বিয়ামাহ্। ইন্নাকা লা তুখলিফুল মী‘আদ। ওয়া সাল্লাল্লাহু তা‘আলা ‘আলা খাইরি খালক্বিহী মুহাম্মাদিও ওয়া আ-লিহী ওয়া আছ্হাবিহী আজ্মা‘য়ীন। বিরাহ্মাতিকা ইয়া আর্হামার্ রাহিমীন।

২। দু‘আয়ে ইস্তিগ্ফার ৩ বার। এ আমলের বরকতে আমলকারীর গুনাহ্-এর পরিমাণ সমুদ্রের ফেনা বরাবর হলেও মাফ হয়ে যাবে। (তিরমিজী ও আল ওয়াজিফাতুল কারীমাহ)

দু‘আয়ে ইস্তিগ্ফার	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ **বিসমিল্লাহির রাহমানির রাহীম**	**৩ বার**

اَسْتَغْفِرُ اللّٰهَ الَّذِیْ لَااِلٰهَ اِلَّا هُوَ الْحَیُّ الْقَیُّوْمُ وَاَتُوْبُ اِلَیْهِ

উচ্চারণঃ আস্তাগ্ফিরুল্লা-হাল্লাযী লা-ইলাহা ইল্লাহুওয়াল্ হায়্যুল্ ক্বায়্যূমু ওয়া আতূবু ইলাইহি।

৩। এ পূণ্যভান্ডার তাসবীহে ফাতিমা

(ওয়াজিফা) সমূহের বরকতে আমলকারীর আমলকে এমন মর্তবা দেয়া হবে, যা আজকের এ দিনে সমগ্র জাহানের অন্য কারো আমলকে এর সমান মর্তবা দেয়া হবে না, অনুরূপ আমলকারী ব্যতীত। (মুসলিম ও শরহুল ওয়াজিফাতিল কারীমাহ)

তাসবীহে ফাতিমা	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লাহির রাহমানির রাহীম	মোট ১০১ বার

(ক) سُبْحَانَ اللّٰهِ (সুবহানাল্লাহ).....৩৩ বার

(খ) اَلْحَمْدُ لِلّٰهِ (আল্‌হামদু লিল্লাহ).....৩৩ বার

(গ) اَللّٰهُ اَكْبَرُ (আল্লাহু আকবার).....৩৪ বার

(ঘ) لَااِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَاشَرِيْكَ لَهٗ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ

উচ্চারণঃ লা-ইলা-হা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহূ লা-শারীকা লাহূ লাহুল্‌মুল্‌কু ওয়া লাহুল্‌হামদু ওয়া হুওয়া ‘আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর।.....১ বার

৪। যে ব্যক্তি নিম্নের এ আমল মাথার উপর

ডান হাত রেখে ১ বার পাঠ করবে, এর বরকতে তার সকল প্রকার দুশ্চিন্তা ও পেরেশানী দূর হয়ে যাবে। (হিস্‌নে হাসীন ও শরহুল ওয়াজিফাতিল কারীমাহ)

দু‘আয়ে হিফাজত	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লাহির রাহমানির রাহীম	১ বার

بِسْمِ اللّٰهِ الَّذِىْ لَااِلٰهَ اِلَّا هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ اَللّٰهُمَّ اَذْهِبْ عَنِّى الْهَمَّ وَالْحُزْنَ

উচ্চারণঃ বিস্‌মিল্লা-হিল্লাজী লা-ইলা-হা ইল্লা- হুওয়ার্ রাহ্‌মানুর রাহীম। আল্লাহুম্মা আযহিব ‘আন্নিল্ হাম্মা ওয়াল হুজ্‌ন।

উক্ত দু‘আর পর আ‘লা হযরত ক্বিবলা وَعَنْ اَهْلِ السُّنَّةِ (ওয়া ‘আন আহ্‌লিস্ সুন্নাহ্) বাক্যাংশটি যোগ করেন।

৫। এ পাঞ্জেগাঞ্জে ক্বাদেরী’র প্রত্যেকটি বরকতময় নামের মধ্যে রহমত, হিফাজত, মাগফিরাত, ইজ্জত ও কুদরতসহ অসংখ্য ফজিলত ও নাজাত রয়েছে। (শারহুল ওয়াজিফাতিল কারীমাহ)

পাঞ্জেগাঞ্জে ক্বাদেরী	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ বিসমিল্লাহির রাহমানির রাহীম	১০০ বার

(ক) ফজর বাদঃ يا عزيز يا الله (ইয়া 'আজীজু, ইয়াআল্লাহু).....১০০বার

(খ) যুহর বাদঃ يا كريم يا الله (ইয়া কারীমু, ইয়া আল্লাহু).....১০০ বার

(গ) 'আসর বাদঃ يا جبار يا الله (ইয়া জাব্বারু, ইয়া আল্লাহু).....১০০ বার

(ঘ) মাগরিব বাদঃ يا ستار يا الله (ইয়া সাত্তারু, ইয়া আল্লাহু).....১০০ বার

(ঙ) 'ইশা বাদঃ يا غفار يا الله (ইয়া গাফ্ফারু, ইয়া আল্লাহু).....১০০ বার

বিঃ দ্রঃ প্রত্যেক নামাজের ওয়াক্তে ওয়াজিফা শুরু করার পূর্বে ১০ বার এবং ওয়াজিফা শেষ করে ১০ বার "লাইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম" পড়তঃ মুনাজাত করবেন। এতে বৎসরে ৭২ হাজার কালিমা শরীফ ও ৭২ হাজার দরূদ

শরীফ পড়া হয়ে যায়। এ ধারায় পড়তে থাকলে বৎসরান্তে ৭০ হাজার বারে এক খতম কালিমা শরীফ হয়েও ২ হাজার বার বেশী থাকবে। ইন্‌শাআল্লাহ।

তরীক্বায়ে ফাতিহা শরীফ

শুধু ফজর নামাজ বাদ দৈনন্দিন ফজরের নামাজের ওয়াজিফা সম্পন্ন করতঃ সম্ভব হলে একা একাই ফাতিহা শরীফ পড়বেন। এতে বিশেষ নেকী অর্জন, জরুরী উদ্দেশ্য পূরণ, সার্বিক কল্যাণ সাধন, বিপদ দূরীকরণ ও ইন্তেকাল প্রাপ্ত ব্যক্তির ছাওয়াব রেছানীসহ নবুয়ত ও বেলায়তের দয়া নজরে থাকার সৌভাগ্য নছীব হয় এবং বিধিসম্মত উদ্দেশ্য পূরণে ও বিভিন্ন কাজের বিশেষ বরকত লাভের জন্য নিম্নের ফাতিহা শরীফ পড়া হয়। আর যদি ফাতিহা শরীফ প্রাতিষ্ঠানিক ভাবে বা যৌথ পরিবেশে পড়ার ব্যবস্থা হয়, তাহলে ফজর নামাজ বাদ প্রথমেই দৈনন্দিন ওয়াজিফা এককভাবে পড়ে নিন। তারপর সম্মিলিতভাবে ফাতিহা শরীফ পড়ে নিবেন।

১.শাজরাহ শরীফ	بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ বিসমিল্লাহির রাহমানির রাহীম	১ বার

شجرة طيبة اصلها ثابت وفرعها فى السماء هذه سلسلتى من مشائخى فى الطريقة العالية القادرية الطيبة المباركة

আর এ হল আমার সিল্‌সিলাহ্‌ (তরিক্বতের মহান ধারা), যা আমার মহান সমুচ্চ, পবিত্র ও বরকতময় ক্বাদেরীয়া তরীক্বার সম্মানিত বুজুর্গানেদ্বীন থেকে।

یا الٰہی رحم فرما مصطفٰے کے واسطے
یارسول اللہ کرم کیجئے خدا کے واسطے

(১) ইয়া ইলাহী রহম ফরমা মোস্তফা কে ওয়াস্তে
ইয়া রাসূলাল্লাহ্‌ করম কীজিয়ে খোদাকে ওয়াস্তে।

مشکلیں حل کر شہ مشکل کشا کے واسطے
کربلائیں رد شہید کربلا کے واسطے

(২) মুশকিলে হল কর শাহে মুশকিল কোশাকে ওয়াস্তে
কর বালায়েঁ রদ্‌ শহীদে কারবালাকে ওয়াস্তে।

سید سجاد کے صدقے میں ساجد رکھ مجھے
علم حق دے باقر علم ہدٰی کے واسطے

(৩) সাইয়্যেদে সাজ্জাদ্‌ কে সদক্বে মে সাজেদ রাখ্‌ মুঝে,

ইলমে হক্ব দে বাক্বেরে ইলমে হুদাকে ওয়াস্তে।

صدق صادق کا تصدّق صادق الاسلام کر
بے غضب راضی ہو کاظم اور رضا کے واسطے

(৪) সিদ্‌ক্বে সাদেক্ব কা তাসাদ্দুক সাদেকুল ইসলাম কর,
বে গযব রাযী হো কাযেম আওর রেযা কে ওয়াস্তে।

بہر معروف و سری معروف دے بیخود سری
جند حق میں گن جنید با صفا کے واسطے

(৫) বাহ্‌রে মা'রূফ ওয়া সারী মা'রূফ দে বে-খোদ সরী
জুন্‌দে হক্বমে গিন্‌ জুনাইদে বা-সফা কে ওয়াস্তে।

